

১৭ মার্চ থেকে কুয়েটে ১০ দিনের ঈদের ছুটি

খুলনা অফিস



সংগৃহীত ছবি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ১৭ মার্চ হতে ২৬ মার্চ পর্যন্ত পবিত্র শবেকদর, পবিত্র জুমাতুল বিদা, পবিত্র ঈদুল ফিতর এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে বন্ধ থাকবে। তবে ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্যাপন উপলক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানমালায় অংশগ্রহণ করার জন্য সবাইকে বিশেষভাবে অনুরোধ করা হয়েছে। নিরাপত্তা শাখা, প্রধান প্রকৌশলীর কার্যালয় (ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট, জরুরি প্লাস্টিং ও রিপেয়ারিং এবং জরুরি বৈদ্যুতিক মেরামত) এবং মেডিকেল সেন্টার এই ছুটির আওতাভুক্ত থাকবে না।

এছাড়া, ২৬ মার্চ বৃহস্পতিবার যথাযোগ্য মর্যাদায় ‘মহান স্বাধীনতা ও জাতীয় দিবস’ উদযাপনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

কর্মসূচির মধ্যে ২৬ মার্চ বৃহস্পতিবার সূর্যোদয়ের সাথে সাথে প্রশাসনিক ভবন, ভাইস-চ্যান্সেলরের বাসভবন এবং বিশ্ববিদ্যালয়ের সকল আবাসিক হলসমূহে জাতীয় পতাকা উত্তোলন, সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের অংশগ্রহণে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের ২০১ নম্বর কক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বেলা ১১টায় জাতীয় সঙ্গীতের সঙ্গে সঙ্গে জাতীয় পতাকা উত্তোলন এবং ক্যাম্পাসস্থ মুক্তিযুদ্ধের ভাস্কর্য ‘দুর্বার বাংলা’-এর পাদদেশে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে শ্রদ্ধাঞ্জলি অর্পণ, বেলা সোয়া ১১টায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের ২০১ নম্বর কক্ষে আলোচনাসভা, সকাল সাড়ে ১১টায় শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে।

এ ছাড়া বাদ জোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয়
জামে মসজিদে দেশ ও জাতির শান্তি ও সমৃদ্ধি
কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।